মুক্তাগাছা, ময়মনসিংহ।

মুক্তাগাছা উপজেলা পরিষদের সাধারণ সভার কার্যবিবরণীঃ

সভাপতি : মোঃ আরব আলী
প্যানেল চেয়ারম্যান-১, উপজেলা পরিষদ
মুক্তাগাছা, ময়মনসিংহ।

সভার স্থান : শহীদ মুক্তিযোদ্ধা হযরত আলী অডিটোরিয়াম
তারিখ : ২৩-১২-২০২১ ।
সভার সময় : ১১.০০ টা।

সভায় উপস্থিত সদস্যবৃন্দের স্বাক্ষর পরিশিষ্ট "ক" দ্রষ্টব্যঃ-

০১। সভাপতি উপস্থিত সম্মানিত সদস্যগণকে স্বাগত জানান এবং সভা পরিচালনার বিষয়ে সকলের সার্বিক সহযোগিতা কামনা করেন। সভাপতি সভায় উপস্থিত উপজেলা পরিষদের মুখ্য নির্বাহী কর্মকর্তা মহোদয় কে সভা পরিচালনার জন্য অনুরোধ জানালে তিনি সকলকে শুভেচ্ছা জ্ঞাপন করেন। অতঃপর সভায় বিভিন্ন বিভাগের উন্নয়নমূলক ও অন্যান্য কার্যক্রম সম্পর্কে নিম্নরূপভাবে বিস্তারিত আলোচনা ও সিদ্ধান্ত গৃহিত হয়।

০২। গত সভার কার্যবিবরণী পাঠান্তে ১৮ নং ক্রমিকের আলোচনায় 'সকল ইউনিয়ন পরিষদের অনুকূলে আসবাবপত্র ক্রয়ের জন্য ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা বরাদ্দের প্রস্তাব করেন এবং উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে বাস্তবায়নে তা সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়' অন্তর্ভুক্তকরত কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে দৃঢ়িকরণ করা হয়।

বিভাগীয় আলোচনাঃ

| বিভাগীয় আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| ০১। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা বিভাগঃ উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার সভায় জানান যে, উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা বিভাগের দাপ্তরিক কার্যক্রম সন্তোষজনক ভাবে চলমান। হাসপাতালে আগত রোগীদের উত্তম সেবা প্রদান সহ তার বিভাগের সার্বিক কার্যক্রমে সকলের সহযোগিতা কামনা করেন। | মুক্তাগাছা উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা বিভাগের বিভিন্ন কার্যক্রমে সকলের সহযোগিতা প্রদানের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহিত হয়। | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ অফিসার, মুক্তাগাছা, ময়মনসিংহ। |
| ০২। উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগঃ উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার সভায় জানান যে, উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগের দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। এছাড়াও উপজেলার সক্ষম দম্পতিদের জন্য নিয়ন্ত্রণ সংক্রান্ত সেবা ও অন্যান্য চিকিৎসা সেবা প্রদান করা হচ্ছে। বিভাগীয় বিভিন্ন কার্যক্রমে তিনি সকলের সহযোগিতা কামনা করেন। | উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগের দাপ্তরিক কার্যক্রমে সকলের সহযোগিতা প্রদানে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার মুক্তাগাছা, ময়মনসিংহ। |
| ০৩। উপজেলা কৃষি সম্প্রসারণ বিভাগঃ উপজেলা কৃষি অফিসার সভায় জানান যে, কৃষি বিভাগের যাবতীয় কার্যক্রম সফলভাবে বাস্তবায়িত হচ্ছে। তিনি উপজেলা কৃষি বিভাগের দাপ্তরিক বিভিন্ন কার্যক্রমে সকলের সহযোগিতা কামনা করেন। | উপজেলা কৃষি বিভাগের দাপ্তরিক বিভিন্ন কার্যক্রমে সকলের সহযোগিতা করার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহিত হয়। | উপজেলা কৃষি অফিসার মুক্তাগাছা, ময়মনসিংহ। |
| ০৪। উপজেলা মৎস্য বিভাগঃ উপজেলা সিনিয়র মৎস্য অফিসার সভায় জানান যে, মৎস্য সম্পদের উন্নয়নের জন্য মৎস্য চাষীদের নিয়মিত বিভিন্ন সেবা প্রদান করা হচ্ছে। তিনি জানান যে, উপজেলার বিভিন্ন পুকুরে সাকার মাছ খুব বেশি পরিমাণে পাওয়া যাচ্ছে যা মৎস্য সম্পদের জন্য হুমকি স্বরূপ। এ ব্যাপারে সকলকে সচেতন হওয়ার জন্য অনুরোধ জানান। উপজেলা মৎস্য অফিসের সার্বিক কার্যক্রমে তিনি সকলের সহযোগিতা কামনা করেন। | উপজেলা মৎস্য বিভাগের দাপ্তরিক বিবিধ কার্যক্রমে সকলের সহযোগিতা করার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহিত হয়। | উপজেলা সিনিয়র মৎস্য অফিসার, মুক্তাগাছা, ময়মনসিংহ। |
| ০৫। উপজেলা প্রাণি সম্পদ বিভাগঃ উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা সভায় জানান যে, তার দপ্তরের স্বাভাবিক বাস্তবায়িত কার্যক্রম সন্তোষজনক ভাবে চলছে। তিনি জানান যে, দুল্লা ইউনিয়নে ক্ষুরা রোগে আক্রান্ত হয়ে ০৪ (চার) টা গরু মারা গেছে। এ ব্যাপারে সকলকে সচেতন করার জন্য অনুরোধ জানান। এছাড়াও তার দপ্তর পশুসেবা সম্পর্কিত বিভিন্ন কার্যক্রম সফলতার সাথে বাস্তবায়ন করছে মর্মে জানান। তিনি তার বিভাগীয় কার্যক্রমে সকলের সহযোগিতা কামনা করেন। | উপজেলা প্রাণি সম্পদ বিভাগের দাপ্তরিক বিবিধ কার্যক্রমে সকলের সহযোগিতা করার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহিত হয়। | উপজেলা প্রাণি সম্পদ অফিসার, মুক্তাগাছা, ময়মনসিংহ। |
| ০৬। উপজেলা প্রকল্প বাস্তবায়ন বিভাগঃ উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার সভায় | উপজেলা প্রকল্প বাস্তবায়ন | উপজেলা প্রকল্প |

| | | |
|---|---|---|
| জানান যে, তার বিভাগের যাবতীয় কার্যক্রম সন্তোষজনক ভাবে চলছে। গৃহিত বিভিন্ন উন্নয়ন মূলক কার্যক্রম দ্রুত বাস্তবায়নে নিয়মিত তদারকি করা হচ্ছে। এছাড়াও বিভাগীয় অন্যান্য কার্যক্রমে সকলের সহযোগিতা করার জন্য অনুরোধ জানান। | বিভাগের দাপ্তরিক বিবিধ কার্যক্রমে সকলের সহযোগিতা করার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহিত হয়। | বাস্তবায়ন অফিসার, মুক্তাগাছা। |
| ০৭। উপজেলা সমাজসেবা বিভাগঃ উপজেলা সমাজসেবা অফিসার সভায় জানান যে, সমাজসেবা বিভাগের আওতাধীন ভাতাদি প্রদান এবং দাপ্তরিক যাবতীয় কার্যক্রম সফলভাবে চলছে। সমাজসেবা বিভাগের কার্যক্রমে সকলের সহযোগিতা কামনা করেন। | উপজেলা সমাজসেবা অফিসের কার্যক্রমে সকলের সহযোগিতা করার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহিত হয়। | উপজেলা সমাজসেবা অফিসার, মুক্তাগাছা। |
| ০৮। উপজেলা শিক্ষা বিভাগঃ উপজেলা শিক্ষা অফিসার সভায় জানান যে, শিক্ষার মানোন্নয়নে শিক্ষা বিভাগ সফলভাবে কাজ করে যাচ্ছে। তিনি জানান যে, আগামী ১ লা জানুয়ারী বই উৎসব। কিন্তু এখনো সব বই পাওয়া যায়নি। এ ব্যাপারে প্রয়োজনীয় যোগাযোগ রক্ষা করা হচ্ছে। অত্র উপজেলায় সকল সরকারি প্রাথমিক বিদ্যালয়ে মান সম্মত শিক্ষা বাস্তবায়নে তিনি সকলের সহযোগিতা করার অনুরোধ জানান। | উপজেলা শিক্ষা অফিসের কার্যক্রমে সকলের সহযোগিতা করার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহিত হয়। | উপজেলা শিক্ষা অফিসার মুক্তাগাছা, ময়মনসিংহ। |
| ০৯। উপজেলা মহিলা বিষয়ক বিভাগঃ উপজেলা মহিলা বিষয়ক অফিসার সভায় জানান যে, তার দপ্তরের কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। এছাড়া উপজেলা মহিলা বিষয়ক বিভাগের বিবিধ কার্যক্রমে তিনি সকলের সহযোগিতা করার অনুরোধ জানান। | উপজেলা মহিলা বিষয়ক বিভাগের বিবিধ কার্যক্রমে সহযোগিতা প্রদানের সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা মহিলা বিষয়ক অফিসার মুক্তাগাছা, ময়মনসিংহ। |
| ১০। উপজেলা যুব উন্নয়ন বিভাগঃ উপজেলা যুব উন্নয়ন অফিসার সভায় জানান যে, যুব উন্নয়ন বিভাগের সকল কার্যক্রম সন্তোষজনক ভাবে চলছে। উপজেলা যুব উন্নয়ন বিভাগের দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়নে তিনি ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান সহ সংশ্লিষ্ট সকলকে সর্বাত্মক সহযোগিতা প্রদানের অনুরোধ জানান। | উপজেলা যুব উন্নয়ন বিভাগের বিভিন্ন কার্যক্রমে সকলের সহযোগিতা প্রদানের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহিত হয়। | উপজেলা যুব উন্নয়ন অফিসার, মুক্তাগাছা, ময়মনসিংহ। |
| ১১। উপজেলা প্রকৌশল বিভাগঃ উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, প্রকৌশল বিভাগের বিবিধ উন্নয়ন মূলক কার্যক্রম সন্তোষজনক ভাবে চলছে। উপজেলা পরিষদ কমপ্লেক্স ভবন নির্মাণের জন্য উপজেলা চেয়ারম্যান কোয়ার্টার, চেয়ারম্যান মহোদয়ের অস্থায়ী অফিস হিসেবে ব্যবহারের সিদ্ধান্তের প্রেক্ষিতে উক্ত কোয়ার্টার মেরামতের জন্য ০৩ (তিন) লক্ষ টাকার একটি প্রাক্কলণ প্রস্তুত করা হয়েছে। উক্ত প্রাক্কলণ নিয়ে সভায় বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে তা অনুমোদন হয় এবং পি আইসি গঠণের মাধ্যমে উক্ত প্রকল্প বাস্তবায়নের জন্য উপজেলা প্রকৌশলী কে সভায় অনুরোধ জানানো হয়। তিনি উপজেলা প্রকৌশল বিভাগের সকল প্রকার উন্নয়ন মূলক কার্যক্রমে সকলের সহযোগিতা করার অনুরোধ জানান। | উপজেলা চেয়ারম্যান কোয়ার্টার চেয়ারম্যান মহোদয়ের অফিস কক্ষ হিসেবে ব্যবহারের জন্য রাজস্ব তহবিল হতে ব্যয় নির্বাহের মাধ্যমে ৩.০০ লক্ষ টাকার প্রাক্কলণ মোতাবেক প্রকল্প বাস্তবায়নের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহিত হয়। | উপজেলা প্রকৌশলী, মুক্তাগাছা, ময়মনসিংহ। |
| ১২। উপজেলা (জনস্বাস্থ্য) বিভাগঃ সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) সভায় জানান যে, তার দপ্তরের সার্বিক কার্যক্রম সন্তোষজনক ভাবে চলছে। সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) বিভাগীয় অন্যান্য কার্যক্রমে তিনি ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানসহ সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন। | উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগের দাপ্তরিক কার্যক্রমে সকলের সহযোগিতা করার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহিত হয়। | সহকারী প্রকৌশলী, মুক্তাগাছা, ময়মনসিংহ। |
| ১৩। উপজেলা পল্লী উন্নয়ন বিভাগঃ উপজেলা পল্লী উন্নয়ন অফিসার সভায় জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। বর্তমানে ঋণ আদায় হার ৯৪%, ঋণ আদায় হার আরও বাড়ানোর জন্য সর্বাত্মক প্রচেষ্টা চালানো হচ্ছে। উপজেলা পল্লী উন্নয়ন বিভাগের কার্যক্রমে তিনি ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানসহ সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন। | উপজেলা পল্লী উন্নয়ন বিভাগের দাপ্তরিক কার্যক্রমে সকলের সহযোগিতা করার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহিত হয়। | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, মুক্তাগাছা, ময়মনসিংহ। |
| ১৪। উপজেলা দারিদ্র বিমোচন বিভাগঃ উপজেলা দারিদ্র বিমোচন অফিসার সভায় জানান যে, ঋণ আদায় হার সন্তোষজনক। এছাড়াও তিনি বিভাগীয় সকল কার্যক্রমে ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানসহ সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন। | উপজেলা দারিদ্র বিমোচন বিভাগের দাপ্তরিক কার্যক্রমে সকলের সহযোগিতা করার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহিত হয়। | উপজেলা দারিদ্র বিমোচন অফিসার, মুক্তাগাছা, ময়মনসিংহ। |
| ১৫। উপজেলা সমবায় বিভাগঃ উপজেলা সমবায় অফিসার সভায় জানান যে, তার বিভাগের কার্যক্রম সন্তোষজনক ভাবে চলছে। সমবায় বিভাগের যাবতীয় কার্যক্রমে তিনি সকলের সহযোগিতা কামনা করার অনুরোধ জানান। | উপজেলা সমবায় বিভাগের যাবতীয় কাযক্রমে সকলের সহযোগিতা করার সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা সমবায় অফিসার মুক্তাগাছা, ময়মনসিংহ। |
| ১৬। উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়ঃ উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সভায় জানান যে, তার দাপ্তরিক কার্যক্রম সন্তোষজনক ভাবে চলছে। এছাড়াও বিভাগীয় কার্যক্রমে তিনি সকলের সহযোগিতা কামনা করেন। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক অফিসের বিভাগীয় কার্যক্রমে সকলের সহযোগিতা করার সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক অফিসার, মুক্তাগাছা। |



CamScanner

| | | |
|---|---|---|
| ১৭। উপজেলা তথ্যকেন্দ্রঃ তথ্যসেবা কর্মকর্তা সভায় জানান যে, উপজেলা তথ্যকেন্দ্রের সকল কাজ সুষ্ঠুভাবে বাস্তবায়িত হচ্ছে। তিনি আরও জানান যে, উপজেলা তথ্যকেন্দ্রের বেশকিছু জানালা ভাঙা ও রং খসে খসে পড়ছে এবং জরুরী স্যানিটারি কাজ সম্পন্ন করা প্রয়োজন। তিনি উপজেলা তথ্যকেন্দ্র জরুরী ভিত্তিতে মেরামত ও সংস্কারের জন্য কর্তৃপক্ষকে অনুরোধ জানান। বিস্তারিত আলোচনান্তে উপজেলা প্রকৌশলীকে ১.০০ লক্ষ টাকার প্রাক্কলন দাখিলের জন্য অনুরোধ জানানো হয়। তিনি তার বিভাগের সকল কার্যাবলী সুষ্ঠুভাবে সম্পন্ন করতে সকলের সহযোগিতা করার অনুরোধ জানান। | উপজেলা তথ্যকেন্দ্রের বিভাগীয় কার্যক্রমে সকলের সহযোগিতা করার সিদ্ধান্ত গৃহিত হয়। | তথ্যসেবা কর্মকর্তা, মুক্তাগাছা, ময়মনসিংহ। |
| ১৮। মুখ্য নির্বাহী কর্মকর্তা, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার, মুক্তাগাছা, ময়মনসিংহ : মুখ্য নির্বাহী কর্মকর্তা, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার, মুক্তাগাছা সভায়, সকল দপ্তর প্রধানগণ কে সুষ্ঠুভাবে স্বচ্ছতার সহিত বিভাগীয় কাজ বাস্তবায়নের অনুরোধ জানান।<br>তিনি আরও জানান যে, সুরভী-৪ নং কোয়ার্টারের অবস্থা খুবই নাজুক হওয়ায় তা প্রয়োজনীয় মেরামত ও সংস্কার করা প্রয়োজন। বিস্তারিত আলোচনান্তে সুরভী-৪ নং বাসা মেরামত ও সংস্কারের জন্য প্রাক্কলণ মোতাবেক ১.০০ লক্ষ টাকার বরাদ্দ প্রদানে সকলেই একমত পোষণ করেন।<br>তিনি আরও জানান যে, উপজেলা পরিষদে দৈনিক অস্থায়ী ভিত্তিতে কর্মরত পরিচ্ছন্নতাকর্মী মোঃ জয়নাল আবেদিন কে প্রয়োজনের সময় পাওয়া যায়না এবং তিনি সরকারি দায়িত্বে দীর্ঘদিন ধরে অবহেলা করে আসছেন। ইতিমধ্যে মোঃ জয়নাল আবেদিন কে সরকারি কাজে অবহেলা না করার জন্য নির্দেশ দেওয়া হলেও তিনি তা মানেন নি। এমতাবস্থায় মোঃ জয়নাল আবেদিন কে তার দৈনিক অস্থায়ী ভিত্তিতে নিয়োগ বাতিল করা এবং উপজেলা পরিষদের প্রয়োজনের নিরিখে একই পদে নতুন কাউকে নিয়োগ প্রদানের প্রস্তাব করেন। বিষয়টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। বিস্তারিত আলোচনান্তে মোঃ জয়নাল আবেদিন কে উপজেলা পরিষদের দৈনিক অস্থায়ী ভিত্তিতে নিয়োজিত পরিচ্ছন্নতাকর্মীর পদ থেকে অব্যাহতি প্রদানের প্রয়োজনীয় কার্যক্রম সম্পন্ন করার ব্যাপারে সকলেই একমত পোষণ করেন। পাশাপাশি উপজেলা পরিষদের কার্যক্রম বাস্তবায়নে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা, ২০১৪ এর ৫(ত) নং অনুচ্ছেদের নির্দেশনা অনুসরণ পূর্বক মোঃ এমদাদুল মিলন, পিতা- মোঃ আব্দুল হালিম , মাতা -মোছাঃ নূরেজা খাতুন, সাং- চরবগুড়া, ডাকঘর -মুক্তাগাছা, উপজেলা -মুক্তাগাছা কে দৈনিক অস্থায়ী ভিত্তিতে পরিচ্ছন্নতাকর্মী পদে জানুয়ারী/২০২২ মাস থেকে নিয়োগের ব্যাপারে সকলেই একমত পোষণ করেন।<br>এছাড়াও তিনি বিভিন্ন দপ্তরের প্রধানগণকে স্ব-স্ব দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে দ্রুত সময়ে বাস্তবায়ন করতে অনুরোধ জানান। | ১. রাজস্ব তহবিলের অর্থায়নে প্রাক্কলণ মোতাবেক ১.০০ লক্ষ টাকা দ্বারা সুরভী-৪ নং কোয়ার্টার মেরামত ও সংস্কারের সিদ্ধান্ত গৃহিত হয়।<br>২. উপজেলা পরিষদের দৈনিক অস্থায়ী ভিত্তিতে কর্মরত পরিচ্ছন্নতা কর্মী মোঃ জয়নাল আবেদিন'র নিয়োগ বাতিলকরত, দাপ্তরিক প্রয়োজনে মোঃ এমদাদুল মিলন, পিতা- মোঃ আব্দুল হালিম, সাং- চরবগুড়া, উপজেলা- মুক্তাগাছা কে জানুয়ারী/২০২২ মাস থেকে উপজেলা পরিষদের দৈনিক অস্থায়ী ভিত্তিতে পরিচ্ছন্নতাকর্মী হিসেবে নিয়োগের প্রয়োজনীয় কার্যক্রম বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা নির্বাহী অফিসার মহোদয় এবং সংশ্লিষ্ট সকল, মুক্তাগাছা, ময়মনসিংহ। |
| ১৯। চেয়ারম্যান (ভারপ্রাপ্ত) ও প্যানেল চেয়ারম্যান-১, উপজেলা পরিষদঃ চেয়ারম্যান (ভারপ্রাপ্ত), উপজেলা পরিষদ, মুক্তাগাছা, সভায় সকল কে স্বাগত জানান। তিনি সকল বিভাগীয় প্রধানগণকে নিজ নিজ দপ্তরের কার্যক্রম সঠিক ও সুন্দরভাবে বাস্তবায়নের জন্য ধন্যবাদ জানান। তার দাপ্তরিক কার্যক্রম এবং সকল প্রকার উন্নয়ন কার্যক্রমে সকল বিভাগীয় প্রধানগণকে সহযোগিতা করার অনুরোধ জানান। এছাড়াও তিনি বিভিন্ন দপ্তরের প্রধানগণকে স্ব-স্ব দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে দ্রুত সময়ে বাস্তবায়ন করতে অনুরোধ জানান। | চেয়ারম্যান (ভারপ্রাপ্ত), উপজেলা পরিষদ, মুক্তাগাছা মহোদয়ের বিভিন্ন দাপ্তরিক কার্যক্রমে সকল বিভাগীয় প্রধানগণকে সর্বাত্মক সহযোগিতা করার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহিত হয়। | উপজেলা পরিষদ ও সংশ্লিষ্ট সকল মুক্তাগাছা, ময়মনসিংহ। |

অবশেষে সভাপতি সভায় উপস্থিত সকলের সুস্বাস্থ্য কামনা পূর্বক ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৩/১২/২২
(মোঃ আরব আলী)
প্যানেল চেয়ারম্যান-১, উপজেলা পরিষদ
মুক্তাগাছা, ময়মনসিংহ।

স্মারক নং- উপকাঃ/মুক্তাঃ/সাঃসঃ/২০২১- ১৬ তারিখ : ২৩-১২-২০২১ ।

<u>অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থেঃ</u>

০১। মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের **একান্ত সচিব**, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের সদয় **অবগতির জন্য**)।
০২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় **মন্ত্রণালয়**, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। সচিব, দুর্যোগ ব্যাবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৪। মহা-পরিচালক, দুর্যোগ ব্যাবস্থাপনা অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
০৫। বিভাগীয় কমিশনার, ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ।
০৬। জেলা প্রশাসক, ময়মনসিংহ।
০৭। উপ পরিচালক, স্থানীয় সরকার, ময়মনসিংহ।
০৮। উপজেলা নির্বাহী অফিসার, মুক্তাগাছা, ময়মনসিংহ।
০৯। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মুক্তাগাছা, ময়মনসিংহ।
১০। উপজেলা ........................................... অফিসার, মুক্তাগাছা, ময়মনসিংহ।
১১। চেয়ারম্যান ........................................ ইউনিয়ন পরিষদ, মুক্তাগাছা, ময়মনসিংহ।
১২। অফিস কপি (সংরক্ষণের জন্য)।

২৩/১২/২১
(আব্দুল্লাহ আল মনসুর)
উপজেলা নির্বাহী অফিসার
মুক্তাগাছা, ময়মনসিংহ।



CamScanner